গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
**সাধারণ অধিশাখা**
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০১.২০.২৭০

তারিখ: ১৪ বৈশাখ ১৪৩২ / ২৭ এপ্রিল ২০২৫

## পরিপত্র

বিষয়: ‘আন্তর্জাতিক যুব দিবস’ এবং ‘জাতীয় যুব দিবস’ একত্রে ১২ আগস্ট তারিখ উদ্‌যাপন/পালন সংক্রান্ত।

অন্তর্বর্তীকালীন সরকারের উপদেষ্টা পরিষদ-বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী ‘জাতীয় যুব দিবস’ (১ নভেম্বর) এবং ‘আন্তর্জাতিক যুব দিবস’ (১২ আগস্ট) প্রতি বৎসর ১২ আগস্ট তারিখে একত্রে উদ্‌যাপন/পালন করা হবে।

২। সরকারি ব্যয় সাশ্রয়ের ধারাবাহিকতা রক্ষার্থে মন্ত্রণালয়/বিভাগসমূহের স্ব স্ব অধিক্ষেত্রে সমধর্মী জাতীয় ও আন্তর্জাতিক দিবসসমূহ পালনের ক্ষেত্রে সংশ্লিষ্ট আন্তর্জাতিক দিবস উদ্‌যাপনকে প্রাধান্য দিয়ে এরূপ দিবসসমূহ একই তারিখে একত্রে পালন করা আবশ্যক। মন্ত্রণালয়/বিভাগসমূহ প্রযোজ্য ক্ষেত্রে এতদ্‌বিষয়ক সারসংক্ষেপ উপদেষ্টা পরিষদ-বৈঠকে উপস্থাপনের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবে।

৩। উক্ত সিদ্ধান্ত যথাযথভাবে প্রতিপালনের জন্য সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

তানিয়া আফরোজ
উপসচিব
ফোন: ৫৫১০০৯৭১
ই-মেইল: general_sec@cabinet.gov.bd

বিতরণ:

১। প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা;
২। সিনিয়র সচিব/সচিব (সকল);
৩। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, ঢাকা;
৪। বিভাগীয় কমিশনার (সকল);
৫। সকল কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ;
৫। জেলা প্রশাসক (সকল); এবং
৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।